

# জয়নগরের মোয়ার এবার বিদেশ পাড়ি

বিমল বন্দ্যোপাধ্যায়


দক্ষিণ ২৪ পরগনা: বাংলার রসগোল্লার মতোই বাঙালির অত্যন্ত প্রিয় জয়নগরের মোয়া। যদিও রসগোল্লার আগেই জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশনের খেতাব (জিআই) পেয়েছে জয়নগরের মোয়া। আর জিআই পাওয়ার পর এই প্রথম বিদেশের বাজারে পাড়ি দিতে চলেছে 'জয়নগরের মোয়া'। সবকিছু ঠিকঠাক থাকলে এই ডিসেম্বরেই নলেন গুড় ও কনকচূড় ধান দিয়ে তৈরি প্যাকেট করা মোয়া দক্ষিণ শহরতলির সীমানা ছাড়িয়ে রপ্তানির জন্য পাড়ি দেবে। বিশেষভাবে তৈরি প্রতিটি প্যাকেটে ১০টি করে মোয়া থাকবে। যার একটির দাম পড়বে ২০ টাকা। পাশাপাশি এবারই প্রথম কলকাতার বড় বড় শপিং মল, বিপণি ও প্রতিষ্ঠিত মিষ্টির দোকানেও জিআই-এর লোগোসহ জয়নগরের মোয়া পাওয়া যাবে। জানা গিয়েছে, বিদেশে মোয়া পাঠানোর বিষয়ে প্রাথমিক পর্যায়ে উদ্যোগ নিয়েছে জেলা শিল্প কেন্দ্র।

দীর্ঘ লড়াইয়ের পর ২০১৫ সালের ২৩ মার্চ স্বল্প স্বীকৃতি হিসাবে 'মোয়ার' জিআই পায় জয়নগর মোয়া নির্মাণকারী

সোসাইটি। তার আড়াই বছর পর প্রথম সেই জয়নগরের মোয়াকে দেশের বাইরে পাঠানোর প্রস্তুতি নিয়েছে দক্ষিণ ২৪ পরগনা জেলা শিল্প কেন্দ্র। কত প্যাকেট মোয়া রপ্তানি হবে, সে বিষয়ে এখনও চূড়ান্ত হয়নি। তবে বড় আকারের মোয়ার প্যাকেট যাবে বলে মনে করছে সোসাইটি। প্রথম পর্যায়ে বাংলাদেশ দিয়ে এর যাত্রা শুরু হচ্ছে। পরবর্তী সময়ে ব্রিটেন ও অন্য দেশগুলিতে পাঠানোর বিষয়ে চিন্তাভাবনা চলছে।

জয়নগর মোয়া নির্মাণকারী সোসাইটির প্রতিষ্ঠাতা-সম্পাদক অশোক কয়াল বলেন, এমনিতে জয়নগরের মোয়ার নামে জেলা ও

কলকাতাজুড়ে ভেজাল মোয়ার রমরমা চলছে। চলতি বছরে জয়নগরে খেজুর গাছ কেটে হাঁড়ি বসানো হলেও গুড় তৈরির পরিমাণমতো রস এখনও পাওয়া যায়নি। কারণ সেই ঠান্ডা পড়েনি। ফলে নলেন গুড় তৈরি হচ্ছে না। কনকচূড় ধানের ফলন ভালো হলেও তা পেতে নভেম্বরের শেষ হয়ে যাবে। ফলে জিআই লোগো দেওয়া প্যাকেটবন্দি কনকচূড়ের ধান ও নলেনগুড়ের নরম খাঁটি জয়নগরের মোয়া এখনও তৈরি করাই শুরু হয়নি। কিন্তু, তার আগেই জেলা ও কলকাতা লাগোয়া দোকানগুলিতে মরিশাল ধানের চাল, ডেলিগুড়, আখেরগুড় ও



রসগোল্লার শুকানো রস দিয়ে তৈরি ভেজাল মোয়া বিক্রি শুরু হয়ে গিয়েছে। তা জয়নগরের নাম দিয়ে বিক্রি হচ্ছে। সেই মোয়ার প্যাকেটে জিআই-এর লোগো আছে কি না, তা যাচাই ছাড়াই কিনে ঠকছেন ক্রেতারা।

তিনি বলেন, গত বছর এ নিয়ে প্রথম সচেতনতার প্রচার শুরু হয়। কলকাতা বইমেলা ছাড়াও বেশ কয়েকটি বড় মেলাতে তা করা হয়েছিল। শুধু তাই নয়, কেন্দ্রীয় সরকারের পরীক্ষাগারে গুণমান পরীক্ষার পর রাজ্য সরকারের বিশ্ব বাংলা মার্কেটিং কর্পোরেশনের হাত ধরে জয়নগরের মোয়া প্রথম দমদম বিমানবন্দরের বিশ্ববাংলা বিপণিতে জায়গা পেয়েছিল। সেখান থেকে বিদেশ ও দেশের বিভিন্ন প্রান্তের মানুষ সেই মোয়া কিনেছেন। তার ফলে এবার চাহিদা আরও বেড়েছে। এমনিতে অনলাইনে মোয়া কেনার ব্যবস্থা করা হয়েছে। এর বাইরে এবার বিশ্ব বাংলা মার্কেটিং কর্পোরেশন আগে থেকে মোয়ার অর্ডার দিয়ে রেখেছে। এছাড়া কলকাতার বেশ কয়েকটি নামী শপিং মল ও একটি মিষ্টির দোকান জয়নগরের মোয়া কিনবে বলে চুক্তি করছে।

De Son M  
Purba Medin  
70635124  
70

Kolkata  
033 - 24450